No.F.2(708)-DHE/GTCA/2017
Government of Tripura
Directorate of Higher Education
Shiksha Bhawan, Officelane, Agartala

Dated, Agartala, the 19/09/2018

## মুখ্যমন্ত্রী বি.এড অনুপ্রেরনা যোজনা প্রকল্পের শুভারম্ভ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ত্রিপুরা সরকার **'মুখ্যমন্ত্রী বি.এড অনুপ্রেরনা যোজনা' নামে একটি প্রকল্প এই শিক্ষাবর্ষ থেকে চালু করেছেন। বি.এড. প্রশিক্ষনে ইচ্ছুক ত্রিপুরায় বসবাসরত যোগ্য ছাত্র-ছাত্রীরা এর সুযোগ নিতে পারবে।**

এতে সংশিষ্ট প্রথম বর্ষে বি.এড. পাঠরত ছাত্র-ছাত্রীদের ত্রিপুরাস্থিত সরকারী ব্যাংক এর মাধ্যমে উপলব্ধ শিক্ষা বিষয়ক ঋণ (এডুকেশনাল লোন) এর সুদের ভর্তুকির (Interest Subsidy) ব্যবস্থা করা হয়েছে। এই স্কীমের অর্ন্তভূক্ত বি.এড. কলেজগুলি অবশ্যই এন.সি.টি.ই. -এর স্বীকৃত ও নেক-এর গ্রেড প্রাপ্ত/কোয়ালিটি কাউন্সিল অফ ইন্ডিয়া -এর সার্টিফাইড হতে হবে এবং ছাত্র-ছাত্রীদের স্নাতক পরীক্ষায় ন্যূনতম ৫০% মার্ক পেতে হবে (এস.সি. ও এস.টি. ছাত্র-ছাত্রীদের জন্য ৪৫%)। এই স্কীমের অধীনে ঋণ সর্বোচ্চ ২ বছরের জন্য (বছরে সর্বোচ্চ ১ লাখ টাকা) বরাদ্ধ থাকবে।এই ঋণ ভর্তুকি বরাদ্ধের বছর থেকে সর্বোচ্চ চার বছর অথবা সরকারি চাকরী পাওয়া, যেটা আগে হবে তার ভিত্তিতে বলবৎ থাকবে।

এই স্কীমের অধীন ব্যাংকগুলিতে বিতরন করার মতো মোট ৫০০০টি শিক্ষাবিষয়ক ঋণ থাকবে। প্রকল্পটি ৫ বছরের জন্য অর্থাৎ ২০২৩ ইং পর্যন্ত চালু থাকবে। এই বছর অর্থাৎ ২০১৮-১৯ইং সালে ব্যাংকগুলি থেকে উক্ত ৫০০০টি ঋণ বিলি করা সম্ভব হবে। যদি প্রথম বছরে যোগ্য প্রার্থীর সংখ্যা কম হয়, তবে পরবর্তী চার বছরে যোগ্য প্রার্থীদের এই প্রকল্পে নেওয়া হবে। প্রকল্পে অংশগ্রহনকারী ব্যাংকগুলি (Allahabad Bank, Andhra Bank, Bank of Baroda, Bank of India, Bank of Mahrashtra, Canara Bank, Central Bank of India, Corporation Bank, Dena Bank, Indian Bank, IDBI Bank, Indian Overseas Bank, Oriental Bank of Commerce, Punjab and Sindh Bank, Punjab National Bank, State Bank of India, Syndicate Bank, Tripura State Cooperative Bank, Tripura Gramin Bank, Union Bank of India, United Bank of India, UCO Bank, Vijaya Bank) দ্বারা উক্ত ঋণ প্রদান করা হবে।

প্রস্তাবিত প্রকল্পটিতে ঋণ বরাদ্ধের সময় এস.টি., এস.সি. এবং যারা আর্থিক দিক দিয়ে দূর্বল শ্রেণীভূক্ত তাদেরকে অগ্রাধিকার দেওয়া হবে।

এই প্রকল্পে বরাদ্ধ ঋণ সরাসরি সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষের দ্বারা ধার্য্য টিউশন ও অন্যান্য ফি এর জন্য কলেজের ব্যাংক একাউন্ট-এ জমা করা হবে।

উক্ত প্রকল্পের অধীনে ত্রিপুরায় বসবাসরত যোগ্য ছাত্র-ছাত্রীদের অনুরোধ করা হচ্ছে যে তারা যেন নিকটবর্তী সংশ্লিষ্ট ব্যাংকের নিয়মাবলী অনুসরন করে নির্দিষ্ট কাগজপত্র (ইনকাম সার্টিফিকেট, একাডেমিক রেকর্ড ইত্যাদি) সহ ব্যাংকের কাছে অতিসত্বর **১৫ই অক্টোবরের মধ্যে আবেদন করেন। ব্যাংকের থেকে প্রাপ্ত আবেদন গুলি উচ্চশিক্ষা দপ্তর পরীক্ষা-নিরীক্ষা করে স্থির করবে।**

উচ্চশিক্ষা অধিকর্তা
ত্রিপুরা